



ইংরেজি বিভাগ
রাজশাহী কলেজ, রাজশাহী
ফোন: ০৭২১-৭৭৪২০৬



বিজ্ঞপ্তি

বিষয়: সম্মান ১ম বর্ষ শিক্ষার্থীদের শর্ত সাপেক্ষে ২য় বর্ষে প্রমোশন প্রসঙ্গে।

সম্মান ১ম বর্ষ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অনিয়মিত শিক্ষার্থী যারা ২০২০ সালের ১ম বর্ষ পরীক্ষার জন্য ফরম পূরণ করেছে শুধুমাত্র তাদের জানানো যাচ্ছে যে, শর্ত সাপেক্ষে ২য় বর্ষে প্রমোশন পাওয়ার জন্য সংযুক্ত অঙ্গীকারনামার স্ক্যান কপি আগামী ০৫/০৭/২০২১ ইং তারিখের মধ্যে ইংরেজি বিভাগের ই-মেইলে প্রেরণ করতে হবে।

ই-মেইল: engdrc1873@gmail.com

বিদ্রঃ স্ক্যান ফাইলের নাম হবে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে। অর্থাৎ কোন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর যদি 19211130981 হয় তাহলে তার স্ক্যান ফাইলের নাম হবে 19211130981. রেজিস্ট্রেশন নম্বরের পূর্বে বা পরে অন্য অক্ষর বা চিহ্ন যুক্ত হলে সেই ফাইল গ্রহণ করা হবে না।

বিভাগীয় প্রধান
ইংরেজি বিভাগ
রাজশাহী কলেজ, রাজশাহী



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rajshahicollegebd@gmail.com

website: www.rc.edu.bd

online news portal: rcbaria.com

Fax: 0721-771511



অনার্স ১ম বর্ষ থেকে ২য় বর্ষে Promotion-এর শর্তসমূহ;

ক) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থী যারা অন-লাইন বা ফেস টু ফেস কোর্স সম্পন্ন করেছে।

খ) ১ম বর্ষের সকল ইনকোর্স পরীক্ষা সম্পন্ন করেছে এবং কলেজ কর্তৃক যাদের ইনকোর্স নম্বর বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়েছে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ করেছে।

ঘ) মহামারি কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি হলে লিখিত এবং ব্যবহারিক পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। পরীক্ষা রেগুলেশন অনুযায়ী লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে ৩টি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি পেতে হবে। প্রমোশনের নীতিমালা অনুযায়ী উত্তীর্ণ (Promoted) হতে ব্যর্থ হলে এই Conditional Promotion (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) বাতিল বলে গণ্য হবে।

ঙ) সকল শিক্ষার্থী উল্লিখিত শর্ত মেনে নিয়ে এই Conditional Promotion (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) গ্রহণে রাজি আছে এ মর্মে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত অঙ্গীকারনামায় (কপি সংযুক্ত) স্বাক্ষর করে তার এক কপি স্ক্যান করে আগামী ০৫/০৭/২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগের ইমেইল ঠিকানায় প্রেরণ করতে হবে।

ছ) উপরে উল্লিখিত শর্ত সমূহ পূরণ করলে বিশ্ববিদ্যালয় হতে Conditional Promotion প্রাপ্ত পরীক্ষার্থীদের কলেজ ও বিষয়ওয়ারি তালিকা অন-লাইনে সংশ্লিষ্ট কলেজে প্রেরণ করা হবে।

জ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল এবং সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে এ বিধান কার্যকর বলে গণ্য হবে। এ বিধান শুধুমাত্র মহামারি কোভিড-১৯ এর কারণে বিশেষ ব্যবস্থা হিসেবে বিবেচিত হবে। এটি ভবিষ্যতে উদাহরণ হিসেবে ব্যবহার করা যাবে না।

অধ্যক্ষ ২৭/০৫/২০২১

রাজশাহী কলেজ, রাজশাহী।

২৭/০৫/২০২১



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

Website : www.nubd.info/honours

অঙ্গীকারনামা

আমি নিম্নস্বাক্ষরকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে কোর্স সম্পন্ন শেষে ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করেছি। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত মোতাবেক আমি সকল শর্ত মেনে নিয়ে অনার্স ২য় বর্ষে শর্ত সাপেক্ষে প্রমোশন নিতে সম্মত আছি। আমি পরবর্তিতে বিশ্ববিদ্যালয়ে ঘোষিত সময়সূচী অনুযায়ী সকল পরীক্ষায় অংশগ্রহণ করবো এবং পরীক্ষা রেগুলেশন অনুযায়ী প্রমোটেড হতে ব্যর্থ হলে আমার শর্ত সাপেক্ষে প্রদত্ত প্রমোশন বাতিল হবে এবং তাতে আমার কোনো আপত্তি থাকবে না।

পরীক্ষার্থীর নাম, স্বাক্ষর ও তারিখ	:	
পিতার নাম	:	
মাতার নাম	:	
রেজিস্ট্রেশন নং	:	
কলেজ কোড	:	
শিক্ষাবর্ষ	:	
কলেজের নাম	:	